

নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/এন এম আই এস বিভাগ-২, ঢাকা।			
স্মারক নং- ৭০৫৪		তারিখঃ- ২০১৭।৬।৬	
প্রকল্প নং- ১০৫		প্রকল্পের নামঃ- ১০৫	
স্মারক নং	স্মারক	বিঃ প্রঃ	নিঃ প্রঃ
			✓

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলীর কার্যালয়

গণপূর্ত অধিদপ্তর

হিসাব শাখা-১

পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০৭২.১৩.৬৯৭

তারিখ: ১১ আষাঢ়, ১৪৩০

২৫ জুন ২০২৩

বিষয়: ০৫ (পাঁচ) টি র্‌যাব কমপ্লেক্স এবং একটি র্‌যাব ফোর্সেস ট্রেনিং স্কুল কমপ্লেক্স নির্মাণ প্রকল্পের আওতায় র্‌যাব-১৪, ময়মনসিংহ কমপ্লেক্স কেন্দ্রের কাজ বাস্তবায়নের জন্য ২০২২-২০২৩-আর্থিক সালে ৪র্থ কিস্তির ৫৫৬.০০ লক্ষ টাকা বরাদ্দ।

সূত্র: প্রকল্প পরিচালক, ০৫ (পাঁচ) টি র্‌যাব কমপ্লেক্স এবং একটি র্‌যাব ফোর্সেস ট্রেনিং স্কুল কমপ্লেক্স নির্মাণ প্রকল্প, কুর্মিটোলা, ঢাকার দপ্তর হতে প্রাপ্ত সংযুক্ত স্মারক নং-/৬৫৪ তারিখ-০৮-০৬-২০২৩ খ্রিঃ এর প্রেক্ষিতে (কপি সংযুক্ত)।

উপরোক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি ২০২২-২০২৩-আর্থিক সালে খরচ করার জন্য ৪র্থ কিস্তিতে =৫৫৬.০০ লক্ষ (পাঁচ কোটি ছাপ্পান্ন লক্ষ) টাকা বরাদ্দ করা হলো।

প্রকল্প পরিচালক, ০৫ (পাঁচ) টি র্‌যাব কমপ্লেক্স এবং একটি র্‌যাব ফোর্সেস ট্রেনিং স্কুল কমপ্লেক্স নির্মাণ প্রকল্প, র্‌যাব ফরসেস সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকার স্মারক স্মারক নং-/৬৫৪ তারিখ-০৮-০৬-২০২৩ খ্রিঃ এর মাধ্যমে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট সরাসরি ন্যস্তকৃত =৫৫৬.০০ লক্ষ (পাঁচ কোটি ছাপ্পান্ন লক্ষ) টাকা প্রকল্প পরিচালকের পত্রের বিভাজন বিভাজন অনুযায়ী হিসাবের কোড নং-১২২-১২২০২-১২২০২০১- ২২৪০০৮৩০০-৪১১১২০১ ও ৪১১১১০১ খাতের ২০২২-২০২৩ আর্থিক সালের উন্নয়ন বাজেট বরাদ্দ হতে প্রকল্প পরিচালক মহোদয়ের বিভাজন মোতাবেক ব্যয় সংকুলান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার বিধি বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পালন পূর্বক ব্যয় করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্ত সমূহ অনুসরণ করতে হবে। শর্ত সমূহঃ

- (১) কোন অবস্থাতেই প্রকল্পের অনুমোদিত ব্যয় ও অনুমোদিত অঙ্কের বাইরে ছাড়কৃত অর্থ ব্যয় করা যাবে না।
- (২) এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে উন্নয়ন প্রকল্পের জন্য অনুসৃত নীতিমালা যথাযথভাবে অনুসরণ/ পালন করতে হবে।
- (৩) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সমর্পণ করতে হবে।
- (৪) এই বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদ্ঘাতিত হলে বিল পরিশোধকার দায়ী থাকবে।
- (৫) বরাদ্দকৃত অর্থের খরচের হিসাব অত্র দপ্তরের/ প্রত্যাশী সংস্থার নিকট দাখিল করতে হবে।
- (৬) প্রকল্প পরিচালক মহোদয়ের সংযুক্ত পত্রের বিভাজন মোতাবেক এই অর্থ খরচ করতে হবে (কপি সংযুক্ত)।

(Signature)